

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ৮, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ : ২৩ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ/০৫ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২৬-আইন/আয়কর/২০১৭।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 185 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, Income Tax Rules, 1984 এর নিম্নরূপ অধিকতর সংশোধনের প্রস্তাব করিয়া এতদ্বারা উহা প্রাক-প্রকাশ করিল, যথা:—

উপরি-উক্ত Rules এর rule 37 এর sub-rule (2) এর clause (b) এর—

- (ক) “a degree in Commerce with accounting as one of the subjects or part of a subject, whether compulsory or optional, or a degree or diploma” শব্দগুলি ও কমাগুলির পরিবর্তে “in Taxation, in Commerce with Accounting as one of the subjects or part of a subject, in Banking including Higher Auditing, or a degree in any subject with a diploma in Taxation or” শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) sub-clause (ii) তে উল্লিখিত “Rangoon University” শব্দগুলির পরিবর্তে “the University of Yangon (formerly Rangoon University)” শব্দগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে।

(১২৬৯)

মূল্য : টাকা ৪.০০

২। উপরি-উক্ত সংশোধনী প্রস্তাব সম্পর্কে কাহারও কোন আপত্তি এবং পরামর্শ থাকিলে সংশ্লিষ্ট ব্যক্তিকে উহা, এই প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে অনধিক ১৫(পনের) দিনের মধ্যে, নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছাইবার জন্য অনুরোধ করা যাইতেছে এবং উক্ত সময়ের মধ্যে সংশোধনী প্রস্তাব সম্পর্কে কাহারও নিকট হইতে কোন আপত্তি বা পরামর্শ পাওয়া গেলে জাতীয় রাজস্ব বোর্ড উহা বিবেচনাক্রমে প্রস্তাবিত সংশোধনী চূড়ান্ত করিবে। উক্ত সময়ের মধ্যে কাহারও নিকট হইতে কোন আপত্তি বা পরামর্শ পাওয়া না গেলে এই প্রাক-প্রকাশ চূড়ান্ত প্রকাশ বলিয়া গণ্য করা হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
পারভেজ ইকবাল
সদস্য।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd